বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন ঃ ৯৫৬০৭৩৭
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২ (এক্সটেনশন-২৩৪)
E-mail ঃ dgmsme@krishibank.org.bd

এসএমই বিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৮-২০১৯/ ৩৭ তারিখঃ ০৭/০৮/২০১৮

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **২০১৮-১৯ অর্থবছরে এসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

চলতি ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ কৃষি ব্যাংকের সর্বমোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১২,৫০০.০০ কোটি টাকা। তন্মধ্যে এসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৩৫০০.০০ কোটি টাকা বিভাগওয়ারী বন্টনপূর্বক অত্র বিভাগ কর্তৃক পত্রসূত্র নং-৭(৫)/২০১৮-১৯/২৯(১১৫০), তারিখঃ ০১/০৮/২০১৮ মূলে জারীপূর্বক তা অর্জনের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

০১। বিগত ২০১৭-১৮ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ১৪০০.০০ কোটি টাকা। ৩০/০৬/২০১৮ তারিখ ভিত্তিক বিতরণ হয়েছে ৯৩১.৮৩ কোটি টাকা। অর্জনের হার ৬৭%। যা মোটেও সন্তোষজনক নয়। ইতিমধ্যে চলতি অর্থবছরের এক মাস অতিক্রান্ত হলেও এ খাতে ঋণ বিতরণের পরিমান খুবই নগণ্য। ০২/০৮/২০১৮ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরনের অর্জন নিম্নরুপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | জুলাই/১৮ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের শতকরা হার (মোট লক্ষ্যমাত্রার বিপরীতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ৭৯৫.০০ | ৬৬.২৫ | ৯.৩৩ | ১.১৭% | হতাশাব্যঞ্জক |
| ২ | ময়মনসিংহ | ২৩৩.০০ | ১৯.৪২ | ৪.৫৮ | ১.৯৭% | হতাশাব্যঞ্জক |
| ৩ | চট্টগ্রাম | ২৫৫.০০ | ২১.২৫ | ৩.৮৪ | ১.৫১% | হতাশাব্যঞ্জক |
| ৪ | খুলনা | ৩৯৮.০০ | ৩৩.১৭ | ২.৯৮ | ০.৭৫% | হতাশাব্যঞ্জক |
| ৫ | বরিশাল | ৭০.০০ | ৫.৮৩ | ০.৭৮ | ১.১১% | হতাশাব্যঞ্জক |
| ৬ | সিলেট | ১৪৬.০০ | ১২.১৭ | ২.৯২ | ২.০০% | হতাশাব্যঞ্জক |
| ৭ | কুমিল্লা | ৩৩৯.০০ | ২৮.২৫ | ৪.৬৪ | ১.৩৭% | হতাশাব্যঞ্জক |
| ৮ | কুষ্টিয়া | ২০২.০০ | ১৬.৮৩ | ৩.৩২ | ১.৬৪% | হতাশাব্যঞ্জক |
| ৯ | ফরিদপুর | ২৮৭.০০ | ২৩.৯২ | ৩.৫৪ | ১.২৩% | হতাশাব্যঞ্জক |
| ১০ | এলপিও | ৭৭৫.০০ | ৬৪.৫৮ | ০০ | ০০ | হতাশাব্যঞ্জক |
| | মোটঃ | ৩৫০০.০০ | ২৯১.৬৭ | ৩৫.৯৩ | ১.০৩% | হতাশাব্যঞ্জক |

০২/০৮/২০১৮ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরনের অর্জন পর্যালোচনায় দেখা যায় স্থানীয় মুখ্য কার্যালয় এ খাতে কোন ঋণ বিতরণ করতে সক্ষম হয়নি। এছাড়া অন্যান্য বিভাগের অর্জনও অত্যন্ত হতাশাব্যঞ্জক। ঋণ বিতরণ কার্যক্রমে গতি সঞ্চার না হলে বছর শেষে লক্ষ্যমাত্রা অর্জন দুরুহ হয়ে পড়বে। ০৫/০৮/২০১৮ তারিখে প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত মহাব্যবস্থাপক সম্মেলনে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় চলতি অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে বিশেষভাবে গুরুত্বারোপ করেন।

০৩। এসএমই খাতের গুরুত্ব এবং প্রদত্ত লক্ষ্যমাত্রা বিবেচনায় চলতি ২০১৮-১৯ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে মাঠকার্যালয়সমূহকে নিম্নোক্ত বিষয়াদি পরিপালন করতে হবেঃ

ক) শাখা কর্তৃক ঋণ হিসাবসমূহ নবায়ন/নতুন ঋণ মঞ্জুরির ক্ষেত্রে এসএমই ঋণ নীতিমালা-২০১০ এর অনুচ্ছেদ নং-২৮ এ বর্ণিত ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের সময়সীমা কঠোরভাবে অনুসরণ করতে হবে;

খ) প্রধান কার্যালয়ে ঋণ প্রস্তাব প্রেরনের ক্ষেত্রে মেয়াদপূর্তির দুই মাস পূর্বেই আবেদন গ্রহনপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে;

গ) নতুন ঋণ গ্রহিতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রতিমাসে প্রতি শাখায় কমপক্ষে ০২ (দুই) জন নতুন গ্রাহককে এসএমই ঋণ প্রদান করতে হবে;

ঘ) এসএমই ঋণের গুরুত্ব অনুধাবন করে শাখা ব্যবস্থাপক উক্ত খাতে ঋণ মঞ্জুরির বিষয়ে বিশেষভাবে উদ্যোগী হবেন;

ঙ) মাসের শেষ কর্মদিবসে প্রতিটি শাখা কর্তৃক সংশ্লিষ্ট মাসে টাকার পরিমানসহ কয়টি নতুন ঋণ বিতরণ করা হয়েছে এবং কয়টি ঋণ নবায়ন/বর্ধিত মঞ্জুরি প্রদান করা হয়েছে তার একটি বিবরণী (লক্ষ্যমাত্রা অর্জিত না হলে তার কারন ব্যাখ্যাসহ) মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে;

চ) প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক শাখা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে পড়া শাখাসমূহকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে;

ছ) প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ কর্তৃক সংশ্লিষ্ট মাসের পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে টাকার পরিমানসহ সংশ্লিষ্ট কার্যালয় হতে কয়টি নতুন ঋণ মঞ্জুরি প্রদান করা হয়েছে এবং কয়টি ঋণ নবায়ন/ বর্ধিত মঞ্জুরি প্রদান করা হয়েছে তার একটি বিবরণী (লক্ষ্যমাত্রা অর্জিত না হলে তার কারন ব্যাখ্যাসহ) বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে;

জ) বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে পড়া অঞ্চলসমূহকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে;

ঝ) বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক সংশ্লিষ্ট মাসের পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে টাকার পরিমানসহ সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় হতে কয়টি নতুন ঋণ মঞ্জুরি করা হয়েছে এবং কয়টি ঋণ নবায়ন/ বর্ধিত মঞ্জুরি প্রদান করা হয়েছে তার একটি বিবরণী (লক্ষ্যমাত্রা অর্জিত না হলে তার কারন ব্যাখ্যাসহ) সংযুক্তি-ক এ বর্ণিত ছকে শুধুমাত্র অত্র বিভাগের ই'মেইল ঠিকানায় (dgmsme@krishibank.org.bd) প্রেরণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০ (এসএমই ঋণ নীতিমালা) তারিখঃ ৩০/১১/২০১০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক চলতি ২০১৮-১৯ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ, অঞ্চল প্রধানগণ এবং অন্যান্য নির্বাহীবৃন্দ শাখা পরিভ্রমনকালে উক্ত ঋণ বিতরন কার্যক্রম মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

আপনার বিশ্বস্ত

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৮-২০১৯/৩৭ (১১৫০) তারিখঃ ঐ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ</u>

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/ ২/ ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব ,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা; (তাঁকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৭. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. নথি/মহানথি।

০৭/০৮/২০১৮

(মির্জা আরিফুজ্জামান)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি-'ক'

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## বিভাগীয় কার্যালয়, ........... ।

বিষয়ঃ এসএমই ঋণ বিতরণের মাসিক বিবরণী।

মাসের নামঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃনং | অঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার নাম | মোট এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | বিতরণের অর্জন | | প্রতিবেদনাধীন মাসে আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখা হতে মঞ্জুরিকৃত | | | | প্রতিবেদনাধীন মাসে বিভাগীয় কার্যালয় হতে মঞ্জুরিকৃত | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | নতুন এসএমই ঋণ মঞ্জুরি | | নবায়ন/বর্ধিত নবায়ন | | নতুন এসএমই ঋণ মঞ্জুরি | | নবায়ন/বর্ধিত নবায়ন | | |
| | | | সংশ্লিষ্ট মাসে | পুঞ্জিভূত | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | সংখ্যা | পরিমান | |
| ১. | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | | | | |

অনুমোদিত স্বাক্ষর

অনুমোদিত স্বাক্ষর